# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ১৩. অলৌকিক খাদ্য প্রদানের স্থান বর্ণনায় বৈপরীত্য

উপরের অলৌকিক কর্মটা কোথায় ঘটেছিল? বৈৎসৈদা না বৈৎসৈদার বিপরীত পাড়ে। এ বৈপরীত্য অনুধাবন করার জন্য পাঠককে গালীল সাগর বিষয়ে একটু জানতে হবে। গালীল সাগর, গিনেষরৎ হ্রদ বা তিবরিয়া হ্রদ (Sea of Galilee/ Kinneret/ Lake of Gennesaret/ Lake Tiberias) ফিলিস্তিনের উত্তরে অবস্থিত। এটা ১৩ মাইল (২১ কি. মি.) লম্বা এবং ৮ মাইল (১৩ কি. মি.) প্রশস্ত একটা হ্রদ। এটা গালীলে যীশু খ্রিষ্টের কর্মকাণ্ডর কেন্দ্র বিন্দু। যীশুর গ্রাম নাযারেথ ও  কফরনাহূম হ্রদটার পশ্চিমে অবস্থিত। তিনি প্রায়ই নৌকাযোগে হ্রদটার পূর্ব তীরে প্রচার কার্য করতেন।[1]

লূক (৯/১০-১৭) এ অলৌকিক ঘটনা বৈৎসৈদা নামক স্থানে ঘটেছিল বলে উল্লেখ করেছেন: "আর তিনি তাঁদেরকে সঙ্গে নিয়ে গোপনে বৈৎসৈদা নামক নগরে গেলেন (a desert place belonging to the city called Bethsaida)। কিন্তু লোকেরা তা জানতে পেরে তাঁর পিছনে পিছনে চলল...।" (লূক ৯/১০-১১, মো.-১৩)

পক্ষান্তরে মার্ক লেখেছেন (মার্ক ৬/৩২-৪৫) যে, এ ঘটনাটা একটা বিরল নির্জন স্থানে ঘটে। এর পর যীশু শিষ্যদেরকে নির্দেশ দেন: " যেন তাঁরা নৌকায় উঠে তাঁর আগে অন্য পারে (to the other side) বৈৎসৈদার দিকে যান।" (মার্ক ৬/৪৫, মো.-১৩)

প্রশ্ন হল, ঘটনাটা যদি বৈৎসৈদা নামক নগরে ঘটে থাকে তবে নৌকায় চড়ে অপর পাড়ে বৈৎসৈদা যাওয়ার অর্থ কী? কোনো ব্যাখ্যা না পেয়ে বিশ্বাসীরা দাবি করেন, সম্ভবত সে সময়ে দুটো বৈৎসৈদা বিদ্যমান ছিল! যীশু শিষ্যদেরকে এক বৈৎসৈদা থেকে অন্য বৈৎসৈদা গমন করতে নির্দেশ দেন!![2]

### ফুটনোট

[1] উইকিপিডিয়া: Sea of Galilee
[2] http://www.jesusneverexisted.com/galilee.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন